# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

www.ccc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ০১ আগষ্ট ২০২২ খ্রি.

**জাতীয় শোক দিবস উপলক্ষে চসিকের মাসব্যাপী কর্মসূচি**

জাতীয় শোক দিবস উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন মাসব্যাপী ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। কর্মসূচির মধ্যে আজ সকালে সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী কালোব্যাজ ধারণ করে ৪৭তম জাতীয় শোক দিবসে মাসব্যাপী গৃহীত কর্মসূচীর সুচনালগ্নে বলেন, শোককে শক্তিতে পরিণত করে মুক্তিযুদ্ধের চেতনায় অসাম্প্রদায়িক গনতান্ত্রিক শান্তি- সম্প্রিতীর ও সমৃদ্ধির বাংলাদেশ গড়ে তোলায়ই হোক আমাদের সম্মিলিত প্রত্যয়। চসিক প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন মেয়র মো. রেজাউল করিম চৌধুরীকে কালোব্যাজ পরিয়ে দেন। এসময় উপস্থিত ছিলেন-চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহিদুল আলম, কাউন্সিলর আতাউল্লা চৌধুরী, সংরক্ষিত কাউন্সিলর নিলু নাগ, জেসমিন পারভিন জেসী, আনজুমান আরা, শাহীন আকতার রুজি, সচিব খালেদ মাহমুদ, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, উপ-সচিব আশেক রসুল চৌধূরী টিপু প্রমুখ।

মাস ব্যাপী কর্মসূচী মধ্যে জাতীয় পতাকাসহ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পতাকা অর্ধনমিত করণ ও কালো পতাকা উত্তোলন, কর্মকর্তা-কর্মচারীগণ মাসব্যাপী কালোব্যাজ ধারণ, জাতীর পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পণ, মহানগরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানে মুর‌্যাল সমুহে (বড়পুল ও অক্সিজেন মোড়সহ) সব স্থানে মুর‌্যালে পুস্পার্ঘ্য অর্পন, খতমে কোরআন, মিলাদ মাহফিল ও বিশেষ মুনাজাত, আলোচনা সভা, ১৫ আগস্ট দিনব্যাপী নগরীর ৪১টি ওয়ার্ডে আরবান প্রাইমারী হেলথ সেন্টারে ফ্রি-স্বাস্থ্য সেবা প্রদান, বৃক্ষরোপন, দুঃস্থদের মাঝে তবারুক বিতরণ, কর্পোরেশন পরিচালিত মসজিদ, ফোরকানিয়া মাদ্রাসা সমুহে মিলাদ ও দোয়া মাহফিল, সিটি কর্পোরেশনের সকল মন্দির, প্যাগোডা, গির্জাসহ ধর্মীয় উপাসনলায়ে বিশেষ প্রার্থনা, গুরুত্বপূর্ণ গোলচত্তর, ফ্লাইওভার ও ফুটওভার ব্রীজে বঙ্গবন্ধুর ছবিসহ বাণী সম্বলিত ব্যানার প্রদর্শণ ও কালো পতাকা উত্তোলন, এলইডি টিভির মাধ্যমে বঙ্গবন্ধুর জীবনী সংশ্লিষ্ট সচিত্র প্রদর্শনী ও ভিডিও চিত্র প্রদর্শন, গৃহীত কর্মসূচীর চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থা, চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা, ৫ আগষ্ট শেখ কামালের জন্মদিন, ১৭ আগষ্ট সিরিজ বোমা হামলায় নিহতদের স্মরণে শ্রদ্ধাজ্ঞপন এবং ২১আগষ্ট গ্রেনেড হামলায় নিহত ও আহতদের প্রতি শ্রদ্ধা নিবেদনসহ বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়।

ব্রাক আরবান ডেভেলাপমেন্ট প্রোগ্রামের উদ্যোগে

**নগর দরিদ্র সুরক্ষা ফোরাম গঠিত**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন বলেছেন, নগরীতে অবস্থানরত অর্থনৈতিক ভাবে পিছিয়ে পরা নারী ও বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদেরকে টেকসই ভাবে নগরীর অপ্রচালিত জীবিকা এবং উপর্যুক্ত আয় সৃষ্টিকারী কর্মকান্ডে নিযুক্ত করতে হবে। সুবিধাবঞ্চিত জনগোষ্ঠিকে সরকার প্রদত্ত ১২০ রকমের ভাতায় সংর্যুক্ত করার জন্য জনপ্রতিনিধিদের সমন্বয়ে এই কার্যক্রম এগিয়ে নিতে হবে। সামাজিক সুরক্ষা বেষ্টনী কার্যক্রম শক্তিশালী করা গেলেই টেকসই উন্নয়ন সম্ভব। আজ সকালে চসিক নগর ভবনের সম্মেলন কক্ষে ব্রাক আরবান ডেভেলাপমেন্ট প্রোগ্রামের উদ্যোগে নগর দরিদ্র সুরক্ষা ফোরাম গঠন সভায় সভাপতির বক্তব্যে তিনি একথা বলেন। ইউডিপির আঞ্চলিক সমন্বয়কারী মো. ওয়াসিম আকরামের সঞ্চালনায় বক্তব্য রাখেন কাউন্সিলর মোবারক আলী, ওয়াসিম উদ্দিন চৌধুরী, আবুল হাসনাত মো. বেলাল, সংরক্ষিত কাউন্সিলর নীলু নাগ, আনজুমান আরা, তাসলিমা বেগম নুরহাজান, নগর পরিকল্পনা বিদ আব্দুল্লাহ আল ওমর, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক মাধুরী বড়ুয়া, সাংবাদিক আলী আহমদ শাহীন প্রমুখ।

সভায় বক্তাগণ বলেন, ব্রাক তার কৌশলগত পরিকল্পনায় অন্তর্ভূক্তিমুলক অর্থনৈতিক প্রবৃদ্ধি বৃদ্ধিতে নতুন নতুন অর্থনৈতিক কর্মকান্ডে নারী, কিশোরী, বয়স্ক ও প্রতিবন্ধী ব্যক্তিদের অংশগ্রহণ বৃদ্ধিতে বলিষ্ট পদক্ষেপ নিয়েছে। যার মাধ্যমে সামাজিক সুরক্ষা বেষ্টনী তৈরী হতে সহায়ক হবে। সভায় প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন কে সভাপতি অধ্যক্ষ এম.শরিফুল ইসলামকে সাধারণ সম্পাদক করে ২৫ সদস্য বিশিষ্ট একটি শক্তিশালী কমিটি গঠন করা হয়। এই কমিটিতে জনপ্রতিনিধি, সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান, শ্রমিক সংগঠন, ব্যবসায়ী, সাংবাদিক, দরিদ্র জনগোষ্টির প্রতিনিধি ও নগরবাসিদের অনুর্ভূক্ত করা হয়। গঠিত কমিটি আগামীতে সভা আয়োজন করে অগ্রাধিকার ভিত্তিতে বিভিন্ন উন্নয়ন মুলক কার্যক্রম গ্রহণ করবেন বলে বক্তারা অভিমত ব্যক্ত করেন।

চসিক ভ্রাম্যমাণ আদালত

# নাসিরাবাদ শিল্প এলাকায় শতাধিক অবৈধ স্থাপনা উচ্ছেদ ও এডিস মশার বিস্তার রোধে ভ্রাম্যমান আদালত পরিচালিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরের নাসিরাবাদ শিল্প এলাকার বিভিন্ন সড়ক, নালা, ফুটপাত ও রাস্তার অংশ অবৈধভাবে দখল করে দোকানপাট তৈরী করে জনদুর্ভোগ সৃষ্টি ও নালার পানি নিষ্কাশনে প্রতিবন্ধকতা সৃষ্টির অপরাধে শতাধিক দোকানপাট উচ্ছেদ করে নালা, ফুটপাত ও রাস্তার অংশ অবৈধ দখলমুক্ত করা হয়। এই সময় নাসিরাবাদ শিল্প এলাকায় নির্মাণাধীন ভবনের নীচে এডিস মশার বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় ভবন মালিককে ১০ হাজার টাকাসহ রাস্তায় নির্মাণ সামগ্রী রাখা ও ফুটপাত দখল করার দায়ে ৫ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৩৭ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অপর এক অভিযানে নগরীর লাভলেইন ও আবেদীন কলোনী এলাকায় নির্মাণাধীন ভবনের নীচতলায় এডিস মশার বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় ভবনের ৪ মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। এবং ভবনের নীচের জমাটবদ্ধ পানি ভ্রাম্যমান আদালতের উপস্থিতিতে নিষ্কাশনের ব্যবস্থা করা হয় ও ভবিষ্যতে যাতে পানি না জমে সেদিকে খেয়াল রাখার জন্য ভবন মালিকদের নির্দেশনা প্রদান করা হয়। একই সাথে বর্তমান বর্ষা মৌসুমে নির্মাণাধীন ভবনের নীচতলায় ও ভবনের ছাদে বা ছাদ বাগানে যাতে পানি না জমে সে বিষয়ে সতর্ক থাকার জন্য ভবন মালিকদের প্রতি বিশেষভাবে অনুরোধ করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ও আনসার ব্যাটালিয়ন সদস্যরা ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

সংবাদদাতা
স্বাক্ষরিত/-
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন। মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩